



২০০  
১০/০২/২০১৫

মহাপরিচালক  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আ. স. পত্র. নং. ৪৩/২৬.০০০০.০০১.২৬.০১৫.২৫-২৪৩

তারিখ: ১০/০২/২০১৫...খ্রিষ্টাব্দ

বঙ্গবন্ধু সমাধি সৌধ কমপ্লেক্স  
সরকারি গণগ্রন্থাগার, বৈদ্যনাথ, গোপালগঞ্জ  
ফাইল নং- ০০৭/২৬  
তারিখ: ১০/০২/১৫ স্বাক্ষর

ধন্যবাদ জ্ঞাপন পত্র

প্রিয় সহকর্মীবন্দ,

শুভেচ্ছা নিবেন। গত ৫ ফেব্রুয়ারি ৮ম বারের মতো দেশব্যাপী 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০১৫' উদ্‌যাপিত হয়েছে। বিপুল উৎসাহ উদ্দীপনা এবং উৎসবমুখর পরিবেশে গ্রন্থাগার দিবসকে সার্থকভাবে উদ্‌যাপনে আপনারা সকলে নিজ নিজ কর্মস্থল থেকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন। দিবসটি সফল করতে আপনাদের প্রচেষ্টা ছিল প্রশংসনীয়। এ অধিদপ্তর থেকে মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা-কর্মচারীদের সার্বিক সহযোগিতা এবং সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে এ দিবসের প্রতিটি কর্মসূচি সফল ও সার্থক হয়েছে।

আমি বিশ্বাস করি 'সমৃদ্ধ হোক গ্রন্থাগার এই আমাদের অঙ্গীকার' প্রতিপাদ্যের বাস্তবায়ন, ভবিষ্যতে দিবসটি যথাযথভাবে উদ্‌যাপন এবং গ্রন্থাগার উন্নয়ন ও পাঠক বৃদ্ধিতে আপনাদের অঙ্গীকারবদ্ধ আন্তরিক সহযোগিতা অব্যাহত থাকবে। আপনাদের জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

আন্তরিকভাবে আপনার,

(মনীষ চাকমা)

গণগ্রন্থাগার অধিদপ্তরসহ সকল বিভাগীয়, জেলা,  
উপজেলা অফিসের সকল কর্মকর্তা- কর্মচারীবন্দ।